(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিশু কল্যাণ ট্রাস্ট
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.skt.gov.bd

নম্বর: ৩৮.০১.০০০০.০০০.৩৪.০০১.১৯.৪২৭

তারিখ: ২৮ অগ্রহায়ণ ১৪২৯
১৩ ডিসেম্বর ২০২২

**পরিপত্র**

বিষয়: শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা, ২০২২ অনুষ্ঠান।

শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা, ২০১৯ এর আলোকে শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা, ২০২২ অনুষ্ঠানের নিমিত্ত ২৩/১০/২০২২ তারিখ স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা, ২০২২ অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

২। **বৃত্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ** শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা, ২০২২ আগামী ২৪ ডিসেম্বর, ২০২২ তারিখ শনিবার **সকাল ১১:০০ ঘটিকা হতে বেলা ১:০০ টা** পর্যন্ত অনুষ্ঠিত হবে।

৩। **বৃত্তি পরীক্ষা কেন্দ্রঃ** সারাদেশে মোট ৬৬ টি কেন্দ্রে বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:-

(i) প্রতি জেলা শহরে ১ টি করে ৬৩ টি জেলা শহরে ৬৩ টি পরীক্ষা কেন্দ্র থাকবে।
(ii) ঢাকা মহানগরীতে ৩ টি কেন্দ্র থাকবে।
(iii) ঢাকা জেলায় কোন পরীক্ষা কেন্দ্র থাকবে না। ঢাকা জেলার পরীক্ষার্থীগণ ঢাকা মহানগরীর কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।
(iv) জেলা শহরের জন্য সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক পরীক্ষার্থীর সংখ্যা বিবেচনায় কেন্দ্র/ভেনু নির্বাচন করবেন। ঢাকা মহানগরীর জন্য উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ কেন্দ্র/ভেনু নির্বাচন করবেন।

৪। **যোগ্য পরীক্ষার্থীঃ** ২০৪ টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী হতে ২০% শিক্ষার্থী শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা, ২০২২ এ অংশগ্রহণ করতে পারবেন।

৫। **পরীক্ষার বিষয়, নম্বর ও সময়ঃ**
(i) ২য় শ্রেণি হতে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের (ক) বাংলা (খ) ইংরেজী (গ) গণিত বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে।
(ii) বাংলা, ইংরেজী ও গণিত এই ০৩ (তিন) টি বিষয়ে সর্বমোট ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা ২ ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত হবে।
(iii) প্রাথমিক শিক্ষা কারিকুলামের (Curriculum) অন্তর্ভূক্ত ২য় শ্রেণি থেকে ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক ও পাঠ্যসূচি অনুসারে শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৬। **বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটিঃ** শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা পরিচালনার জন্য ৬৩ টি জেলা (ঢাকা জেলা ব্যাতীত) এবং ঢাকা মহানগরীতে বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটি থাকবে:-

**জেলা পর্যায়**

১. জেলা প্রশাসক - সভাপতি
২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) - সদস্য
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার - সদস্য সচিব
৪. প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় - সদস্য (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

**ঢাকা মহানগরী**

১. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ - সভাপতি
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জেলা - সদস্য সচিব
৩. থানা শিক্ষা অফিসার ০৩ জন (কেন্দ্র সংশ্লিষ্ট থানা) - সদস্য
৪. প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় ০৩ জন - সদস্য (সভাপতি কর্তৃক মনোনীত)

৭। **প্রশ্নপত্র তৈরী, মুদ্রণ এবং সংশ্লিষ্ট কেন্দ্রে পৌছানোঃ** জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) ২য়, ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির ২ সেট প্রশ্নপত্র প্রস্তুত করে ২০/১২/২০২২ তারিখের মধ্যে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে প্রেরণ **করবেন। ট্রাস্ট দপ্তর ২৩/১২/২০২২ তারিখ প্রশ্নপত্র ই-মেইল যোগে বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করবেন (প্রশ্নপত্রের কোড পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির ব্যক্তিগত মোবাইলে এসএমএস যোগে প্রেরণ করা হবে)** । বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতি ই-মেইল হতে প্রশ্নপত্র ডাউনলোড করে নিজ তত্ত্বাবধানে প্রশ্নপত্র মুদ্রণ করবেন এবং পরীক্ষা আরম্ভ হবার ১ ঘন্টাপূর্বে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে হস্তান্তর করবেন। কেন্দ্র সচিব প্রাপ্ত প্রশ্নপত্র গোপনীয়তা রক্ষা করে আইনশৃঙ্খলা বজায় রেখে ২৪/১২/২০২২ তারিখ সকাল ১১:০০ টায় বৃত্তি পরীক্ষা আরম্ভ করবেন এবং ২ ঘন্টা পরীক্ষা শেষে বেলা ১:০০ টায় পরীক্ষা সমাপ্ত করবেন।

৮। **উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল সীট প্রস্তুতঃ** কেন্দ্র পরিচালনা কমিটি বৃত্তি পরীক্ষা শেষে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ণ করে পরীক্ষার ফলাফল ৩০ ডিসেম্বর, ২০২২ তারিখের মধ্যে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে ই-মেইলযোগে **(sktmopme@gmail.com)** এবং ডাকযোগে প্রেরণ করবেন। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট প্রাপ্ত ফলাফল একত্র করে সমন্বিত ফলাফল সীট প্রস্তুত করে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবেন।

৯। **ফলাফল প্রকাশঃ** স্টিয়ারিং কমিটি শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল অনুমোদন করবেন এবং প্রকাশের ব্যবস্থা করবেন।

১০। **সম্মানী/বাজেটঃ**

(ক) পরীক্ষা পরিচালনা কমিটিঃ

জেলা পর্যায়
(i) জেলা প্রশাসক = ১০০০/-
(ii) অতিরিক্ত জেলা প্রশাসক = ৮০০/-

(iii) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার = ৭০০/-
(iv) প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় = ৫০০/-
৩০০০/-

ঢাকা মহানগরী
(i) উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ = ১০০০/-
(ii) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জেলা = ৭০০/-
(iii) থানা শিক্ষা অফিসার ৩ জন (কেন্দ্র সংশ্লিষ্ট) (৬০০X৩) = ১৮০০/-
(iv) প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় ৩জন (৫০০X৩)=১৫০০/-
=৫০০০/-

(খ) কেন্দ্র সচিবের সম্মানী = ৪০০/-
(গ) হল পরিদর্শকের সম্মানী = ৩০০/-
(ঘ) উত্তরপত্র মূল্যায়ন সম্মানী = ২০ /- (প্রতি খাতার জন্য)
(ঙ) কেন্দ্র ব্যবস্থাপনা ব্যয় = ১০০০/-
(চ) উপজেলা হতে জেলা শহরে পরীক্ষার্থী আনা-নেয়া ব্যয় ১০০ টি উপজেলার জন্য ১২০০X১০০= ১,২০,০০০/-
(ছ) প্রশ্নপত্র/উত্তরপত্র মুদ্রণ = ১০ /- (প্রতিটি)

**১১। কেন্দ্র সচিব ও হল পরিদর্শক মনোনয়ন :** কেন্দ্রস্থ সরকারি বিদ্যালয়ের প্রধান শিক্ষক হবেন কেন্দ্র সচিব এবং সহকারী শিক্ষকগণ হতে কেন্দ্র সচিব হল পরিদর্শক মনোনয়ন করবেন ( প্রতি ২৫ জন পরীক্ষার্থীর জন্য ১ জন হল পরিদর্শক থাকবে)।

১২। বৃত্তি পরীক্ষা সংক্রান্তে অধিকতর তথ্য জানতে ০১৭১৬১১৮০০৮ নম্বরে জনাব মো: মাহবুবুর রাব্বানী, সহকারী পরিচালক (শিক্ষা), শিশু কল্যাণ ট্রাস্ট এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।



১৪-১২-২০২২
মোঃ আবুল বশার
পরিচালক
ফোন: ৫৫০৭৪৮৮৪
ইমেইল: sktmopme@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১) অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩) মহাপরিচালক , জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৪) যুগ্মসচিব (বিদ্যালয়), বিদ্যালয় অধিশাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) চেয়ারম্যান, রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।
৬) পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৭) জেলা প্রশাসক (সকল জেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

৮) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯) উপসচিব, বিদ্যালয়-২ শাখা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০) সচিব এর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৩) উপপরিচালক, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা।

১৪) উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সভাপতি, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

১৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল জেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

১৬) উপজেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল উপজেলা) ও সদস্য সচিব, বিদ্যালয় পরিচালনা কমিটি, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

১৭) কম্পিউটার অপারেটর, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করবেন)।

১৮) প্রধান শিক্ষক (সকল), শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়।

১৯) অফিস কপি।